

আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধানের সাথে ভারুয়াল সাক্ষাতের সৌভাগ্য লাভ করলো লাজনা ইমাইল্লাহ্ নাইজেরিয়া

“প্রতিটি মেয়েকে উচ্চশিক্ষা গ্রহণে উৎসাহিত করুন”— হযরত মির্যা মসরুর আহমদ



২১ ফেব্রুয়ারি ২০২১ লাজনা ইমাইল্লাহ্ (আহমদীয়া মুসলিম নারী অঙ্গ-সংগঠন) নাইজেরিয়ার ন্যাশনাল মজলিসে আমেলা (জাতীয় কার্যনির্বাহী পরিষদ)-এর সাথে এক ভারুয়াল (অনলাইন) সভা করেন আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধান ও পঞ্চম খলীফাতুল মসীহ্ হযরত মির্যা মসরুর আহমদ (আই.)।

হযূর আকদাস টিলফোর্ডের ইসলামাবাদে তাঁর কার্যালয় থেকে এ সভার সভাপতিত্ব করেন, আর ন্যাশনাল আমেলা সদস্যগণ নাইজেরিয়ার লাগোসের ওজোকোরোতে অবস্থিত লাজনা হল থেকে ভারুয়ালি যোগদান করেন।

সভাতে, হযূর আকদাস লাজনা আমেলা সদস্যদেরকে তাদের নিজ নিজ বিভাগের বিভিন্ন দায়িত্বের বিষয়ে আলোচনা করেন এবং তাদের বিভাগীয় কার্যক্রমের উন্নয়নে বিভিন্ন দিক-নির্দেশনা প্রদান করেন।

হযূর আকদাস, পনের বছর বয়স পর্যন্ত মেয়েদের নৈতিক ও আধ্যাত্মিক প্রশিক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত সেক্রেটারি নাসেরাত-এর সাথে কথোপকথন কালে বলেন যে, তাদের বিভাগের ভালভাবে রেকর্ড সংরক্ষণ করা উচিত যে, জাতীয় বিভাগ কর্তৃক পরিচালিত বিভিন্ন কার্যক্রমে কতজন মেয়েকে সংশ্লিষ্ট করা হচ্ছে এবং কতজন অংশগ্রহণ করছে।

হযূর আকদাস ব্যায়ামের প্রতিও উৎসাহিত করেন এবং স্বাস্থ্য ও শারীরিক সক্ষমতার জন্য দায়িত্বপ্রাপ্ত সেক্রেটারি সেহেত-ই-জিসমানিকে নির্দেশ প্রদান করেন যে, আমেলা সদস্যগণ যেন (নিজেদের) দৃষ্টান্ত স্থাপনের মাধ্যমে নেতৃত্ব দেন এবং যেন নিয়মিত ব্যায়াম করেন।

সভাতে, বাণিজ্য ও শিল্পের জন্য দায়িত্বপ্রাপ্ত সেক্রেটারি সানা-ও-তেজারত সারা দেশ থেকে প্রাপ্ত লাজনা ইমাইল্লাহ্ সদস্যদের তৈরি করা কিছু পণ্য প্রদর্শন করেন। যেমন, ব্যাগ ও অন্যান্য সামগ্রী। সেক্রেটারি উল্লেখ করেন যে, লাজনা

ইমাইল্লাহ্ সদস্যদেরকে তাদের জীবিকা নির্বাহের এবং নিজস্ব ব্যবসা শুরু করার ক্ষেত্রে সাহায্য করা হচ্ছে। তারা কোভিড-১৯ বৈশ্বিক মহামারীর সময়টিতে স্থানীয় সমাজে সাহায্যও প্রদান করেছিল।

সভার শেষের দিকে, উচ্চশিক্ষা লাভের গুরুত্ব সম্পর্কে পুনর্ব্যক্ত করতে গিয়ে হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“প্রতিটি মেয়েকেই উচ্চশিক্ষা গ্রহণে উৎসাহিত করুন।”

সভার শেষে হযুর আকদাস লাজনা ইমাইল্লাহ্‌র প্রতি তাঁর প্রত্যাশা ব্যক্ত করেন।

হযরত মির্যা মসরুর আহমদ (আই.) বলেন:

“আপনাদের সামনে বিশাল দায়িত্ব রয়েছে এবং আমি প্রত্যাশা করি যে, লাজনা তা অর্জন করতে পারবে। আর আপনারা যদি তা করতে পারেন তবে এটি পুরুষদেরকে আরও সক্রিয় হতে উৎসাহিত করবে। আপনাদের তাদেরকে ধাক্কা দিতে হবে! লাজনাদের প্রতি আমার প্রত্যাশা পুরুষদের চেয়েও বেশি। তাই আমি আশা করি, আপনারা আমার প্রত্যাশা পূরণ করবেন। আল্লাহ্ তালা আপনাদেরকে সর্বদিক থেকে আশিসমণ্ডিত করুন। আল্লাহ্ আপনাদের সবার মঙ্গল করুন।”